

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইক্সটেন্সন গার্ডেন রোড, ঢাকা।



স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.০১৪.০৩১.১৮-১২৪৫

তারিখঃ ০৬/০৪/২০২২ খ্রি:

বিষয়ঃ কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক গৃহীত উদ্ভাবনী উদ্যোগ মাঠ পর্যায়ের বাস্তবায়নের প্রসঙ্গে।


মবিঅ এর স্মারক নং- ৩২.০১.০০০০.০২১.১৮.০১১.২০-২০ তারিখ: ০৫/০৪/২০২২ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ১০-১৯ বছর বয়সকে মূলত বয়ঃসন্ধিকাল হিসাবে বিবেচনা করা হয়। এই বয়সে ছেলে মেয়ে উভয়েই কিছু শারীরিক ও মানসিক পরিবর্তন হয়ে থাকে। এ বিষয়ে অজ্ঞতার কারণে কিশোর কিশোরীরা শারীরিক, মানসিক ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত সমস্যার সম্মুখীন হতে পারে। বয়ঃসন্ধিকালে কিশোর-কিশোরীরা তুলনামূলকভাবে কৌতুহলী ও আবেগপ্রবণ হওয়ায় ইন্টানেট আসক্তি, মোবাইল গেম আসক্তি, সামাজিক যোগাযোগ মাধ্যমের নেতিবাচক ব্যবহার কিশোর-কিশোরীদের ভবিষ্যতকে হুমকির মুখে ফেলতে পারে। প্রায়শই দেখা যায় কিশোর কিশোরীরা শিশু পর্নগ্রাফি, সাইবার বুলিং, যৌন হয়রানি, অবৈধ ও প্রতারণামূলক সম্পর্কের শিকার হচ্ছে। আবার কখনো কিশোর গ্যাং গঠন করে, মাদক, জঙ্গিবাদ, পর্নগ্রাফিতে আসক্ত, সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টকারী কার্যক্রমে যুক্ত হয়ে কিংবা সাইবার অপরাধী হয়ে অন্যদের ভিকটিম বানাচ্ছে।

সুরক্ষিত বয়ঃসন্ধিকাল ইনভেশন আইডিয়ার মাধ্যমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফিল্ড সুপারভাইজর ও জেডার প্রোমোটররা বাল্যবিবাহের কুফল ও ভার্চুয়াল জগতের নেতিবাচক দিকগুলো সম্পর্কে কিশোর কিশোরীকে সচেতন করে তুলবে। এছাড়াও সচেতনামূলক ভিডিও, গান কিংবা সিনেমা প্রদর্শনের মাধ্যমে তাদের নৈতিকতা, মূল্যবোধ, শিষ্টাচারের পাঠ দেয়ার মাধ্যমে প্রতিটি কিশোর কিশোরীকে ‘Change agent’ হিসেবে গড়ে তুলবে।

একইভাবে এসব কিশোর-কিশোরীরা অন্যকেও এসব বিষয়ে ভিকটিম হতে দেখলে সাহায্য করার জন্য এগিয়ে আসবে। কিশোর-কিশোরী ক্লাবের সদস্যরা তার বিদ্যালয় কিংবা এলাকার কোন শিশু বাল্যবিবাহের শিকার হলে কিংবা পারিবারিক সহিংসতার শিকার হতে দেখলে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কিংবা হেল্পলাইন নাম্বর ১০৯ এ ফোন দিয়ে জানাবে।

এমতাবস্থায়, উল্লিখিত উদ্ভাবনী উদ্যোগের বিষয়গুলি সম্পর্কে কিশোর কিশোরীদের সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



মো: তারিকুল আলম

উপ-পরিচালক (সকল জেলা)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)

প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব) (অ:দা:)

কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)।
- ২। উপপরিচালক (ম্যাজিস্ট্রেট) ও ইনোভেশন অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রোগ্রাম অফিসার (ওয়েবসাইটে প্রকাশের জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৫। ফিল্ড সুপারভাইজর (সকল জেডার প্রোমোটরদের প্রশিক্ষণ মডিউলে উপরোক্ত এজেন্ডা পাঠদান নিশ্চিত করার জন্য বলা হল), কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।
- ৬। অফিস কপি।